



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
(www.bkkb.gov.bd)

সাধারণ চিকিৎসা অনুদান কার্যক্রম

সেবাপ্রার্থীর ক্যাটাগরি:

সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য প্রতিবছর একবার সাধারণ চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ টা: ৪০,০০০/- প্রদান করা হয়। কর্মকর্তা কর্মচারী নিজে আমৃত্যু এবং পরিবারের সদস্যগণ কর্মকর্তা কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন।

সেবার মৌলিক তথ্যাবলী:

সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা	২টি কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। কমিটি ২টি নিম্নরূপ: ১. বাছাই কমিটির সভার সুপারিশ ২. উপ-কমিটির সভায় অনুমোদন	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকাসহ ৮টি বিভাগীয় কার্যালয়।	২২ কার্যদিবস
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	১. আবেদনসমূহ প্রাপ্তির পর ক্রমানুসারে সফটওয়্যারে এন্ট্রিকরণের মাধ্যমে তালিকা প্রণয়ন এবং SMS এর মাধ্যমে আবেদনের ডিজিটাল ডায়রি নম্বর, তারিখ ও আবেদনে কোন ত্রুটি থাকলে তা জানিয়ে দেয়া হয়; ২. প্রত্যেক মাসে প্রাপ্ত আবেদনসমূহ পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে বাছাই কমিটির সভায় পরীক্ষা নিরীক্ষান্তে অর্থ মঞ্জুরির সুপারিশ প্রদান এবং ১৫ তারিখের মধ্যে উপকমিটির সভায় চূড়ান্ত অর্থ মঞ্জুরি প্রদান করা হয়; ৩. আবেদনকারীর নামে মঞ্জুরিকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি প্রেরণ করে আবেদনকারীর মোবাইল ফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ জানিয়ে দেয়া হয়; ৪. এ সংক্রান্ত সকল তথ্য বোর্ডের ওয়েবসাইট (www.bkkb.gov.bd) থেকে জানা যায়।		
সেবা প্রাপ্তির শর্তাবলি	১. সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য প্রতি বছরে একবার চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ ৪০,০০০/- টাকা প্রদান করা হয়। ১ জুলাই, ২০১৯ এর পূর্বের চিকিৎসার জন্য সর্বোচ্চ ২০,০০০/- টাকা এবং ১ জুলাই, ২০১৯ এর পরবর্তী সময়ে চিকিৎসার জন্য সর্বোচ্চ		

	<p>৪০,০০০/- টাকা প্রদান করা হয়;</p> <p>২. কর্মকর্তা কর্মচারী নিজে আয়ত্ব্য এবং পরিবারের সদস্যগণ কর্মকর্তা কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন;</p> <p>৩. নির্ধারিত আবেদন ফরম নং ০১ পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করত প্রধান কার্যালয়ের জন্য মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা), সেগুনবাগিচা, ঢাকা এবং বিভাগীয় কার্যালয়ের জন্য বিভাগীয় পরিচালক বরাবরে প্রেরণ করতে হয়;</p> <p>৪. ফরমের নির্ধারিত স্থানে কর্মকর্তা কর্মচারীর অফিস কর্তৃপক্ষের স্বাক্ষরসহ নামযুক্ত সিল প্রদান;</p> <p>৫. চিকিৎসার ২(দুই) বছরের মধ্যে অনুদানের জন্য আবেদন করতে হয়।</p>
প্রয়োজনীয় কাগজপত্র	<p>(ক) ডাক্তারী ব্যবস্থাপত্রের সত্যায়িত কপি (অফিস প্রধান/ সংশ্লিষ্ট অফিসেরদায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক);</p> <p>(খ) ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয়ের মূল ভাউচার;</p> <p>(গ) ক্লিনিক বা হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ক্লিনিক বা হাসপাতালের মূল ছাড়পত্র;</p> <p>(ঘ) ভাই/বোন বা পিতা/মাতার ক্ষেত্রে নির্ভরশীলতার প্রত্যয়নপত্র;</p> <p>(ঙ) খরচের হিসাববিবরণী(কর্মচারীর স্বাক্ষর সহ);</p> <p>(চ) জাতীয় বেতনস্কেল, ২০১৫-এ বেতননির্ধারণ ফরমের ভেরিফিকেশন নম্বরের জন্য বেতননির্ধারণ ফরমের ফটোকপি।</p>
প্রয়োজনীয় ফি	এজন্য কোন ফি প্রয়োজন হয় না।
সংশ্লিষ্ট আইন	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা ২০০৬ অনুযায়ী।
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী উর্ধ্বতন কর্মকর্তা	<p>প্রধান কার্যালয়ে - পরিচালক(প্রশাসন)/মহাপরিচালক</p> <p>বিভাগীয় কার্যালয়ে - উপপরিচালক/পরিচালক</p>